নির্বাচনে জাল ভোট ২১.৪%, কেন্দ্রে প্রবেশে বাধা ৪৬.৪%: টিআইবি



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে প্রকাশিত প্রতিবেদনে নানা অনিয়মের চিত্র তুলে ধরেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সংস্থাটি জানিয়েছে, ২১.৪ শতাংশ ক্ষেত্রে জাল ভোট এবং ৪৬.৪ শতাংশ ক্ষেত্রে ভোটারদের কেন্দ্রে প্রবেশে বাধা দেওয়ার ঘটনা ঘটেছে।

টিআইবির 'ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন প্রক্রিয়া ও ফলাফলভিত্তিক পর্যবেক্ষণ' শীর্ষক প্রতিবেদনে বলা হয়, ৩৫.৭ শতাংশ ক্ষেত্রে ভোটারদের নির্দিষ্ট প্রতীকে ভোট দিতে চাপ প্রয়োগ করা হয়েছে। ২১.৪ শতাংশ ক্ষেত্রে প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর নিষ্ক্রিয়তার অভিযোগ পাওয়া গেছে। এছাড়া ১৪.৩ শতাংশ ক্ষেত্রে ভোট শুরুর আগেই ব্যালটে সিল মারা, বুথ দখল এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোলিং এজেন্টদের কেন্দ্রে প্রবেশে বাধা দেওয়ার ঘটনা নথিভুক্ত হয়েছে।

প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়, ১০.৭ শতাংশ ক্ষেত্রে আইনশৃঙ্খলা বাহিনীর অসহযোগিতা এবং একই হারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের পক্ষপাতমূলক আচরণের অভিযোগ রয়েছে। তথ্যপ্রবাহ নিয়ন্ত্রণ, মোবাইল নেটওয়ার্ক সীমিত করা ও সাংবাদিকদের চলাচলে বাধা দেওয়ার ঘটনা ৭.১ শতাংশ ক্ষেত্রে ঘটেছে। একই শতাংশে ভোটকেন্দ্রে সাংবাদিকদের তথ্য সংগ্রহে বাধা, আইনশৃঙ্খলা বাহিনীর বিরুদ্ধে পক্ষপাতের অভিযোগ এবং ভোট গণনায় জালিয়াতির বিষয়ও উঠে এসেছে।

এছাড়া ৩.৬ শতাংশ ক্ষেত্রে ব্যালট পেপার সংকট, নির্বাচন পর্যবেক্ষকদের কাজে বাধা এবং অন্যান্য অনিয়মের তথ্য পাওয়া গেছে। নির্বাচন-পরবর্তী সময়ে দেশজুড়ে ১২৫টি সহিংসতার ঘটনাও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।